গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা

বিষয়: টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাসহ সার্বিক বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মো: রাশিদুল ইসলাম<br>অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| সভার তারিখ | ১৮-০৮-২০২০ খ্রি: |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য মন্ত্রণালয়ের উপসচিব ও এসডিজি ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন -কে অনুরোধ জানান।

০২। জনাব শরীফ মোঃ ফরহাদ হোসেন সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে সচিব মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে গঠিত কমিটি কাজ করছে। এ কমিটির প্রথম সভা হিসেবে আজকের সভার গুরুত্ব অপরিসীম। তিনি সভাকে আরও উল্লেখ করেন যে, মন্ত্রণালয়ের ৪ জন কর্মকর্তাকে ৫ টি ইন্ডিকেটরের বিষয়ে সুনিদিষ্ট দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, কর্মসংস্থান শাখার নতুন কর্মকর্তা সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ লুৎফুর রহমান যোগদান করেছেন। মূলত: কর্মসংস্থান শাখা থেকেই এসডিজি সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সমন্বয় করা হবে। এ পর্যায়ে তিনি জনাব মোঃ লুৎফুর রহমানকে এসডিজি বিষয়ক উপস্থাপনা ও এ সংক্রান্ত আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

০৩। জনাব মোঃ লুৎফুর রহমান তাঁর উপস্থাপনায় উল্লেখ করেন যে, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯ টি টার্গেট এবং ২৩০ টি ইন্ডিকেটর রয়েছে। এসডিজি'র ১৬৯ টি টার্গেটের মধ্য থেকে ৩টি টার্গেটের (৮.৫, ৮.৭, ৮.৮) বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় লীড মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। এ ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে। তিনি সভাকে অবহিত করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের টার্গেটসমূহ অর্জনের লক্ষ্যে একটি অনুমোদিত কর্মপরিকল্পনা রয়েছে; যা এসডিজি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত রয়েছে। অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রমসমূহের বাস্তবায়ন নিশ্চিত করণের বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। তাছাড়াও, এ মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ দূর করার বিষয়ে তিনি সুনির্দিষ্ট প্রস্তাব তুলে ধরেন।

০৪। জনাব মোঃ লুৎফুর রহমান উল্লেখ করেন যে, এ মন্ত্রণালয়ের অনুমোদিত এসডিজি কর্মপরিকল্পনাটি পরীক্ষা নিরীক্ষা পূর্বক আপডেট করা প্রয়োজন। তাছাড়া এসডিজি বাস্তবায়নে একটি বড় চ্যালেঞ্জ হলো একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা বদলি কিংবা অন্য কোন কারণে অনুপস্থিত থাকলে এসডিজি সংক্রান্ত জরুরী কাজ সম্পাদনে বিঘ্ন ঘটে। এক্ষেত্রে এ মন্ত্রণালয়ের আওতায় প্রতিটি অধিদপ্তর/দপ্তর/সংস্থায় ৩ সদস্য বিশিষ্ট একটি এসডিজি বাস্তবায়ন টিম থাকতে পারে; যেখানে একজন টিম লীডার, একজন সদস্য এবং একজন সদস্য সচিব (ফোকাল পয়েন্ট কর্মকর্তা) থাকতে পারে। তিনি আরও উল্লেখ করেন যে, এ মন্ত্রণালয়ের এসডিজি টার্গেটসমূহের সাথে প্রকল্পের টার্গেট এবং কার্যক্রমকে সামঞ্জস্যপূর্ণ করা প্রয়োজন। মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-তে এসডিজি টার্গেসমূহকে অন্তর্ভুক্ত করার বিষয়েও প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা রয়েছে। জনাব মোঃ লুৎফুর রহমান আরও বলেন যে, এ মন্ত্রণালয়ের এসডিজি সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে উন্নয়ন অংশীদার এবং বেসরকারী খাতকেও সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

০৫। এ পর্যায়ে উপস্থাপনার উপর বিস্তারিত আলোচনার জন্য সভাপতি সকলকে আহবান জানান। উপস্থিত সকলেই সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করেন। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন, মন্ত্রণালয়ের আওতায় অধিদপ্তর/দপ্তর/সংস্থায় এসডিজি বাস্তবায়ন টিম গঠন, অনুমোদিত এসডিজি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি (জুন ২০২০ পর্যন্ত), মন্ত্রণালয়ের প্রকল্পের টার্গেটের সাথে প্রযোজ্যক্ষেত্রে এসডিজির টার্গেটসমূহকে এ্যালাইন করা, এসডিজি'র টার্গেটসমূহকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-তে অন্তর্ভুক্তকরণসহ এ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| ১. | মন্ত্রণালয় ও অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইটে একটি এসডিজি কর্ণার সংযোজন এবং এসডিজি সংক্রান্ত পাবলিক ডকুমেন্টসমূহ এসডিজি কর্ণারে আপলোড করা নিশ্চিত করা হবে। | কর্মসংস্থান শাখা,<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়,<br>শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| ২. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় প্রতিটি অধিদপ্তর /দপ্তর/সংস্থায় ৩ সদস্য বিশিষ্ট একটি এসডিজি বাস্তবায়ন টিম গঠন করা হবে; | শ্রম অধিদপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড |
| ৩. | এসডিজি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে একটি ফরমেট আগামী ২৫ আগস্ট ২০২০ তারিখের মধ্যে প্রণয়ন করা হবে। | কর্মসংস্থান শাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৪. | এসডিজি কর্মপরিকল্পনার আওতায় এসডিজি টার্গেটসমূহ অর্জনে জুন ২০২০ পর্যন্ত কি কি কার্যক্রম বাস্তবায়িত হয়েছে তা নির্ধারিত ফরমেট অনুযায়ী আগামী ৩১ আগস্ট ২০২০ এর মধ্যে প্রেরণ করা হবে। | উপসচিব (মজুরী বোর্ড), উপসচিব (শ্রম), উপসচিব (রপ্তানীমুখী শিল্প), উপপ্রধান (আন্তর্জাতিক সংস্থা)<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৫. | এসডিজি টার্গেটসমূহ প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্পের টার্গেটের সাথে এ্যালাইন করা হবে। | উপসচিব (মজুরী বোর্ড), উপসচিব (শ্রম), উপসচিব (রপ্তানীমুখী শিল্প), উপপ্রধান (আন্তর্জাতিক সংস্থা)<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৬. | এসডিজি টার্গেটসমূহ প্রযোজ্য ক্ষেত্রে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-তে অন্তর্ভুক্তকরণের ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপসচিব (মজুরী বোর্ড), উপসচিব (শ্রম), উপসচিব (রপ্তানীমুখী শিল্প) উপপ্রধান (আন্তর্জাতিক সংস্থা)<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৭. | মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়ন কমিটিতে কর্মসংস্থান শাখার সিনিয়র সহকারী সচিব -কে অন্তর্ভুক্ত করা হবে। | কর্মসংস্থান শাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৮. | কমিটির পরবর্তী সভা আগামী ০৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। | কর্মসংস্থান শাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

০৬। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: রাশিদুল ইসলাম
অতিরিক্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৫.৯৯.০০২.২০.২

তারিখ: ৪ ভাদ্র ১৪২৭
১৯ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড (সভার সিদ্ধান্ত অনুযায়ী আপনার দপ্তরে ৩ সদস্য বিশিষ্ট এসডিজি বাস্তবায়ন টিম গঠনের অনুরোধসহ)
২) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (সভার সিদ্ধান্ত অনুযায়ী আপনার দপ্তরে ৩ সদস্য বিশিষ্ট এসডিজি বাস্তবায়ন টিম গঠনের অনুরোধসহ)
৩) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর (সভার সিদ্ধান্ত অনুযায়ী আপনার দপ্তরে ৩ সদস্য বিশিষ্ট এসডিজি বাস্তবায়ন টিম গঠনের অনুরোধসহ)
৪) উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৫) উপসচিব, মজুরী বোর্ড শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৬) উপ-সচিব, রপ্তানীমুখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) উপ-সচিব, কর্মসংস্থান অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) উপ-প্রধান, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা (উপ-প্রধান), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) সিনিয়র সহকারি প্রধান, পরিকল্পনা-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০) সিনিয়র সহকারী প্রধান, আর্ন্তজাতিক সংস্থা শাখা-৪, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সভার সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এসডিজি কর্ণার সংযোজন এবং কর্মসংস্থান শাখা হতে প্রেরিতব্য এ মন্ত্রণালয়ের এসডিজি কর্মপরিকল্পনা ও এসডিজি পরিবীক্ষণ ও মূল্যায়ণ ফ্রেমওয়ার্ক এসডিজি কর্ণারে আপলোড করার অনুরোধসহ)
১৪) সহকারী সচিব, সেবা শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০৩ সেপ্টেম্বর ২০২০ তারিখ সকাল ১১:০০ হতে দুপুর ০১:০০ পর্যন্ত সম্মেলন কক্ষ সংরক্ষিত রাখার অনুরোধসহ)
১৫) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মো: লুৎফুর রহমান
সিনিয়র সহকারী সচিব